MentorBD



# মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট

## [Institute of Liberation War and Bangladesh Studies (ILBS)]

জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

**আবেদনের তারিখ: ২৫শে আগস্ট থেকে ২১শে সেপ্টেম্বর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত**

**(ভর্তি পরীক্ষার তারিখ ও স্থান পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে)**

সূত্র নং-১৬(০১)/জাতী:বি:/আইএলবিএস/২০২৫-২৬/৬৬২ তারিখ : ১১/০৮/২০২৫

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট : (www.nu.ac.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্কলারশিপ-সহ এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ২৫শে আগস্ট বিকাল ৪টা থেকে ২১শে সেপ্টেম্বর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(Gateway)** অথবা পে স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন নির্ধারিত ফি জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি ৩০শে সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। গবেষণার জন্য মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ সম্পর্কিত যে কোনো বিষয়কে অগ্রাধিকার দেয়া হবে।

MentorBD

**<u>আবেদনের যোগ্যতা :</u>**

**১. এমফিল প্রোগ্রাম**

আবেদনকারীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা সনাতনী পদ্ধতিতে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। এছাড়া প্রার্থীকে অনার্স ও মাস্টার্সে গ্রেডিং পদ্ধতিতে পৃথকভাবে ন্যূনতম সিজিপিএ ৩.০০ অথবা সনাতনী পদ্ধতিতে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।

**অথবা**

স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর বা গ্রেডিং পদ্ধতিতে পৃথকভাবে CGPA ৩.০০ থাকতে হবে।

**২. পিএইচডি প্রোগ্রাম**

ক) আবেদনকারীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা সনাতনী পদ্ধতিতে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে। এছাড়া প্রার্থীকে অনার্স ও মাস্টার্সে গ্রেডিং পদ্ধতিতে পৃথকভাবে ন্যূনতম সিজিপিএ ৩.০০ অথবা সনাতনী পদ্ধতিতে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।

খ) স্বীকৃত বা Refereed Journal-এ দুটি লেখা প্রকাশিত হতে হবে। যার একটিতে First Author হিসেবে নাম থাকতে হবে।

গ) বিশ্ববিদ্যালয়/কলেজ (স্নাতক/স্নাতকোত্তর) পর্যায়ে তিন বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। গবেষকদের ক্ষেত্রে, স্বনামধন্য গবেষণা প্রতিষ্ঠানে ৩ বছরের গবেষণা অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে এমফিল ডিগ্রি থাকলে উপরে উল্লেখিত ইনস্টিটিউটের এমফিল কোর্সে ভর্তির অপরাপর যোগ্যতা সমমান হতে হবে।

অথবা

যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত শর্তাবলি শিথিলযোগ্য। এ ধরনের আবেদনকারীকে তাঁর শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে অর্জিত সাফল্যের প্রমানাদিসহ লিখিত আবেদন সরাসরি পরিচালক, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ বরাবর অথবা ইমেইল এ্যাড্রেসে (ilbs@nu.ac.bd) প্রেরণ করতে হবে।

৩. আবেদনের শর্তাবলি

ক) লিখিত ও মৌখিক পরীক্ষাসহ শিক্ষা জীবনের সকল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থীদের মেধা তালিকা প্রণয়ন করা হবে।

খ) আবেদনকারীকে গবেষণার বিষয়বস্তুর ওপর সুনির্দিষ্ট একটি গবেষণা প্রস্তাবনা (Research Proposal)-এর সারসংক্ষেপ অনলাইন আবেদনে আপলোড করতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে অধ্যয়নরত কোন প্রার্থী এ প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**৪. এমফিল ভর্তিকৃত ফেলোদের পিএইচডি প্রোগ্রামে উন্নীতকরণ:** এমফিল প্রথমবর্ষের তত্ত্বীয় ও মৌখিক পরীক্ষায় গড়ে ন্যূনতম ৭০% নম্বর (সিজিপিএ ৩.৫০) এবং গবেষণায় অগ্রগতি সন্তোষজনক এ মর্মে সুপারভাইজারের সুপারিশ থাকলে গবেষক পিএইচডি প্রোগ্রামে উন্নীতকরণের জন্য আবেদন করতে পারবেন। যে সকল গবেষক পিএইচডি কোর্সে উন্নীতকরণের সুযোগপ্রাপ্ত হবেন তাদেরকে অতিরিক্ত ০৮ ক্রেডিটের ২টি তত্ত্বীয় কোর্স সম্পন্ন করতে হবে এবং পিএইচডি উপযোগী অপেক্ষাকৃত অগ্রসর ও সুনির্দিষ্ট গবেষণা প্রস্তাবনা জমা দিতে হবে। পিএইচডি থিসিস জমা দেয়ার পূর্বে স্বীকৃত জার্নালে ১টি গবেষণা প্রবন্ধ প্রকাশ করতে হবে।

৫. **প্রোগ্রামের মেয়াদ : ক)** এমফিল প্রোগ্রামের মেয়াদ এক বছর (২ সেমিস্টার)-এর কোর্সওয়ার্কসহ ২ (দুই) বছর।

**খ)** সরাসরি পিএইচডি-র জন্য সময়কাল হবে ৪ বছর।

৬. ফেলোশিপ

**ক)** শর্তপূরণ সাপেক্ষে এমফিল প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ০২ বছর (২৪ মাস) মাসিক **১৫,০০০/-** (পনের হাজার) টাকা হারে ৪ কিস্তিতে ফেলোশিপ প্রদান করা হবে

**খ)** শর্তপূরণ সাপেক্ষে পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ০৪ বছর (৪৮ মাস) মাসিক **২০,০০০/-** (বিশ হাজার) টাকা হারে ৮ কিস্তিতে ফেলোশিপ প্রদান করা হবে।

**গ)** মেধা এবং যোগ্যতার ভিত্তিতে নির্দিষ্ট সংখ্যক গবেষক ফেলোশিপপ্রাপ্ত হবেন। ফেলোশিপপ্রাপ্ত গবেষকগণের কোর্স চলাকালীন পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে।

৭. **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড**

**ক)** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Master's /M.Phil/Ph.D/PGD Tab** থেকে **Apply Now (ILBS MPhil/ILBS PhD)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়াও আবেদনকারী প্রার্থীদের এসএসসি, এইচএসসি, স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি ও গবেষণা প্রস্তাবনা (Research Proposal)-এর সারসংক্ষেপ স্ক্যান করে আপলোড করতে হবে।

**খ)** ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120x150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.**

**গ)** সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে পে-স্লিপ **Print** করে নিকটস্থ যেকোনো সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

**ঘ)** কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Application Login (ILBS MPhil or PhD** অপশনে আবেদন ফরম-এ উল্লিখিত রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। তবে প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার পর প্রার্থী ফরম বাতিল করতে পারবে না। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

ঙ) রোল নম্বর ও পিন কোড সম্বলিত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

৮. **পে-স্লিপের মাধ্যমে ফি' জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড**

**ক)** পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (Gateway)-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেয়া হবে। এ পর্যায়ে প্রার্থী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের

ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Application Login (ILBS MPhil or PhD)** অপশনে থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবে।

**খ)** প্রাথমিক আবেদন ফরম ব্যতিত কোনো প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে না।

## নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন

**ধাপ-১:** অনলাইনে আবেদন করুন

**ধাপ-২:** পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন

**ধাপ-৩:** পে-স্লিপটি সোনালী ব্যাংকের যেকোনো শাখায় জমা দিন। পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ে এর মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা SMS-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং **Application Login (ILBS MPhil or PhD)** অপশনে থেকে আবেদন ফরম ডাইনলোড করে প্রিন্ট নিতে হবে।

৯. প্রাথমিক আবেদন ও চূড়ান্ত ভর্তির সময়সূচি

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ | ২৫-৮-২০২৫ থেকে ২১-৯-২০২৫ |
| খ) | প্রাথমিক আবেদন ফি জমা দেয়ার তারিখ : **MPhil** আবেদনকারী প্রতি ১,৫০০/- (এক হাজার পাঁচশত) এবং **PhD** আবেদনকারী প্রতি ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে আবেদন ফি জমা দিতে হবে। Pay Slip-এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট এমফিল খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮৮০১০০৫৯৫৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে। | ২৫-৮-২০২৫ থেকে ২৮-৯-২০২৫ |
| গ) | প্রাথমিক আবেদন ফরমের প্রিন্ট কপি সংগ্রহের তারিখ | ২৫-৮-২০২৫ থেকে ৩০-৯-২০২৫ |
| ঘ) | লিখিত এবং মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান | পরবর্তীতে জানিয়ে দেয়া হবে। |

**এই ভর্তি কার্যক্রমের যে-কোনো নিয়মাবলি/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

(প্রফেসর ড. মো. আওলাদ হোসেন)
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট
ইমেইল: email: ilbs@nu.ac.bd
ফোন: ০১৭২১২৭০৫১৮

সূত্র নং-১৬(০১)/জাতী:বি:/আইএলবিএস/২০২৫-২৬/৬৬২

তারিখ : ১১/৮/২০২৫

বিতরণ: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়;
২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয় ;
৩. সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৪. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৫. সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৬. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৭. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৮. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ ও টেলিভিশন; চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
৯. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-২ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১০. সকল চেয়ারম্যান, একাডেমিক কমিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়;
১১. অফিস কপি।

(বজলুর রশিদ)
উপ-পরিচালক
মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট
মোবাইল ০১৯৪৮৭৭৯০০৩
ই-মেইল: brashid1973@yahoo.com